

বিশ্ববিদ্যালয়ের আরবি বিভাগের জন্য সংক্ষিপ্ত ধারণাপত্র

আত-তানাল আল-আরাবি

বিশ্ববিদ্যালয় আরবি ভাষা দক্ষতা বৃত্তি উদ্যোগ ২০২৬

বিভাগীয় অবহিতকরণ, শিক্ষক মনোনয়ন ও প্রয়োজনীয় করণীয়

এক নজরে: প্রতিটি অংশগ্রহণকারী বিশ্ববিদ্যালয়ের আরবি বিভাগ থেকে ৫ জন শিক্ষক স্পন্সরড Mock Test-এ অংশগ্রহণ করবেন। বিশ্ববিদ্যালয়ের Engagement Day-তে নিজ ক্যাম্পাসে Physical Orientation অনুষ্ঠিত হবে। প্রতিটি বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত যোগ্য শিক্ষক ঢাকার ilannoor Test Center-এ Official atTanal al-Arabi Proficiency Test-এর একটি স্পন্সরড আসন পাবেন।

১. কর্মসূচির পরিচিতি

বাংলাদেশের বিশ্ববিদ্যালয় পর্যায়ে আরবি ভাষা শিক্ষা, ভাষাগত দক্ষতা মূল্যায়ন ও শিক্ষক উন্নয়ন কার্যক্রমকে সমৃদ্ধ করার লক্ষ্যে ilannoor Edification Ltd.—আত-তানাল আল-আরাবির বাংলাদেশ প্রতিনিধি—“আত-তানাল বিশ্ববিদ্যালয় আরবি ভাষা দক্ষতা বৃত্তি উদ্যোগ ২০২৬” আয়োজন করছে।

এই উদ্যোগের মাধ্যমে নির্বাচিত বিশ্ববিদ্যালয়গুলোর আরবি বিভাগের শিক্ষকরা আত-তানাল আল-আরাবির কাঠামোবদ্ধ আরবি ভাষা দক্ষতা মূল্যায়ন পদ্ধতি সম্পর্কে জানবেন, Campus-based Physical Orientation-এ অংশ নেবেন এবং পরবর্তীতে স্পন্সরড Proficiency Mock Test দেওয়ার সুযোগ পাবেন।

২. বৃত্তির সুযোগ

পর্যায়	প্রতি বিশ্ববিদ্যালয়ে	মোট (৬ বিশ্ববিদ্যালয়)	সুযোগ
Mock Test sponsorship	৫ জন শিক্ষক	৩০ জন শিক্ষক	প্রতি শিক্ষক প্রায় USD ১৫ সমমূল্যের স্পন্সরড Mock Test আসন
Official Test sponsorship	১ জন শিক্ষক	৬ জন শিক্ষক	সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত যোগ্য শিক্ষকের জন্য প্রায় USD ১০০ সমমূল্যের Official Test আসন

বৃত্তিগুলো নগদ অর্থ নয়; এগুলো সংশ্লিষ্ট পরীক্ষার স্পন্সরড আসন বা পরীক্ষা-ফি মওকুফ হিসেবে প্রদান করা হবে। Official Test sponsorship-এর আওতায় পরীক্ষা অনুষ্ঠিত হবে ilannoor Test Center, Dhaka-তে। যাতায়াত, আবাসন ও ব্যক্তিগত ব্যয় অন্তর্ভুক্ত নয়—যদি না পৃথকভাবে লিখিতভাবে জানানো হয়।

৩. Campus-based Physical Orientation

প্রতিটি বিশ্ববিদ্যালয়ের Orientation Programme সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের Engagement Day-তে নিজ ক্যাম্পাসে সরাসরি অনুষ্ঠিত হবে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সঙ্গে সমন্বয় করে নির্ধারিত সেশনে মনোনীত ৫ জন শিক্ষক এবং প্রয়োজনে সংশ্লিষ্ট বিভাগীয় শিক্ষকবৃন্দ অংশগ্রহণ করবেন।

এই কর্মসূচির একাডেমিক রিসোর্স পারসন অধ্যাপক ড. আব্দুর রউফ মুস্তফা যুহদি একজন বিশিষ্ট আরবি ভাষাবিজ্ঞানী, আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন শিক্ষাবিদ এবং জর্ডানের মিডল ইস্ট ইউনিভার্সিটির সাবেক সহকারি ভাইস চ্যান্সেলর। তিনি আন্তর্জাতিক আরবি ভাষা দক্ষতা পরীক্ষা ‘আত-তানাল আল-আরাবি’-এর প্রতিষ্ঠাতা এবং অ্যাসোসিয়েশন অব ল্যান্ডুয়েজ টেস্টার্স ইন ইউরোপ (ALTE)-এর সদস্য।

তাঁর সমৃদ্ধ একাডেমিক অভিজ্ঞতা ও বিশেষজ্ঞ জ্ঞান থেকে উপকৃত হওয়ার লক্ষ্যে আরবি ভাষা ও ইসলামিক স্টাডিজ বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীদের এই অরিয়েন্টেশন প্রোগ্রামে সক্রিয়ভাবে অংশগ্রহণের জন্য বিশেষভাবে উৎসাহিত করা হচ্ছে।

Orientation-এ সম্ভাব্যভাবে অন্তর্ভুক্ত থাকবে:

- আত-তানাল আল-আরাবি Proficiency Test-এর উদ্দেশ্য ও মূল্যায়ন কাঠামোর পরিচিতি;
- Listening, Reading, Writing ও Speaking দক্ষতা মূল্যায়নের ধারণা;
- Mock Test-এর নিয়ম, অংশগ্রহণ-পদ্ধতি ও প্রস্তুতি নির্দেশনা;
- নমুনা প্রশ্ন বা কার্যক্রমের মাধ্যমে পরীক্ষা-পদ্ধতির ব্যবহারিক পরিচয়;
- ফলাফল, গোপনীয়তা, পরীক্ষার সততা এবং Official Test sponsorship নির্বাচনের নীতি; এবং
- শিক্ষকদের প্রশ্নোত্তর ও পরবর্তী করণীয়।

8. বিশ্ববিদ্যালয় Engagement ও Orientation সূচি

তারিখ	বিশ্ববিদ্যালয়	Orientation-এর ধরন
১ নভেম্বর ২০২৬	ঢাকা বিশ্ববিদ্যালয়	বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে Physical Orientation program ও mock test experience.
২ নভেম্বর ২০২৬	ইন্টারন্যাশনাল ইসলামিক ইউনিভার্সিটি চট্টগ্রাম (IIUC)	বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে Physical Orientation program ও mock test experience.
৩ নভেম্বর ২০২৬	চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়	বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে Physical Orientation program ও mock test experience.
৪ নভেম্বর ২০২৬	ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া	বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে Physical Orientation program ও mock test experience.
৫ নভেম্বর ২০২৬	রাজশাহী বিশ্ববিদ্যালয়	বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে Physical Orientation program ও mock test experience. সময় সফরসূচি অনুযায়ী
৭ নভেম্বর ২০২৬	ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা	বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে Physical Orientation program ও mock test experience.
৮ নভেম্বর ২০২৬	ইলাননূর ইন্সটিটিউট, ঢাকা	atTanal alArabi Official Proficiency Test ও সমাপনী অনুষ্ঠান

৫. শিক্ষক মনোনয়ন ও যোগ্যতা

প্রতিটি অংশগ্রহণকারী বিশ্ববিদ্যালয়ের আরবি বিভাগ থেকে সর্বোচ্চ ৫ জন শিক্ষককে প্রাতিষ্ঠানিকভাবে মনোনয়ন দেওয়া যাবে। মনোনীত শিক্ষককে:

- সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের আরবি বিভাগ বা আনুষ্ঠানিকভাবে সংশ্লিষ্ট একাডেমিক ইউনিটে বর্তমানে শিক্ষকতা করতে হবে;
- বিভাগীয় প্রধান বা বিশ্ববিদ্যালয়ের অনুমোদিত কর্তৃপক্ষের মাধ্যমে মনোনীত হতে হবে;
- নিজ বিশ্ববিদ্যালয়ের Engagement Day-তে Physical Orientation-এ অংশগ্রহণ করতে হবে;
- পরবর্তীতে Mock Test সম্পন্ন করতে সক্ষম হতে হবে;
- পরিচয় যাচাই, পরীক্ষার সততা ও গোপনীয়তা সংক্রান্ত নিয়ম মেনে নিতে হবে; এবং

- অর্জিত অভিজ্ঞতা বিভাগীয় সহকর্মীদের সঙ্গে ভাগ করে নেওয়ার আগ্রহ থাকতে হবে।

পাঁচজনের বেশি শিক্ষক আগ্রহ প্রকাশ করলে বিভাগ বর্তমান আরবি পাঠদানের দায়িত্ব, পরীক্ষা বা Curriculum-সংক্রান্ত ভূমিকা, কর্মসূচিতে অংশগ্রহণের প্রতিশ্রুতি এবং বিভাগে ভবিষ্যৎ অবদানের সম্ভাবনা বিবেচনা করে ৫ জনকে নির্বাচন করতে পারবে।

৬. Mock Test ও Official Test sponsorship নির্বাচন

- Physical Orientation সম্পন্ন হওয়ার পর Mock Test-এ মনোনীত শিক্ষকগণ অংশগ্রহণ করবেন।
- প্রতিটি বিশ্ববিদ্যালয়ের প্রার্থীদের শুধু একই বিশ্ববিদ্যালয়ের অন্যান্য বৈধ প্রার্থীর সঙ্গে তুলনা করা হবে; বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে কোনো Ranking করা হবে না।
- সব আবশ্যিক Test Component সম্পন্নকারী এবং পরিচয় ও পরীক্ষার সততা-সংক্রান্ত নিয়ম পালনকারী শিক্ষকের ফলাফল বৈধ হিসেবে বিবেচিত হবে।
- প্রতিটি বিশ্ববিদ্যালয়ের যাচাইকৃত সামগ্রিক Mock Test score-এ সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত যোগ্য শিক্ষক Official Test sponsorship পাবেন।
- বৃত্তিপ্রাপ্ত শিক্ষক ilannoor Test Center, Dhaka-তে নির্ধারিত তারিখে Official atTanal al-Arabi Proficiency Test-এ অংশগ্রহণ করবেন।
- প্রত্যেক শিক্ষকের ব্যক্তিগত ফলাফল গোপনীয় থাকবে এবং সম্মতি ছাড়া নাম, ছবি বা score প্রকাশ করা হবে না।

৭. আরবি বিভাগের করণীয়

1. কর্মসূচিতে অংশগ্রহণের নীতিগত সম্মতি প্রদান করা;
2. বিভাগের পক্ষ থেকে একজন Departmental Focal Person নির্ধারণ করা;
3. সর্বোচ্চ ৫ জন যোগ্য শিক্ষককে প্রাতিষ্ঠানিকভাবে মনোনয়ন দেওয়া;
4. Engagement Day-তে মনোনীত শিক্ষকদের Physical Orientation-এ উপস্থিতি নিশ্চিত করা;
5. Orientation-এর জন্য উপযুক্ত কক্ষ, Projector/Display, Sound System ও প্রয়োজনীয় Campus coordination প্রদান করা;
6. Mock Test-এর পরবর্তী নির্দেশনা মনোনীত শিক্ষকদের কাছে পৌঁছে দেওয়া; এবং
7. কর্মসূচি শেষে শিক্ষক অভিজ্ঞতা ও সম্ভাব্য একাডেমিক সহযোগিতা নিয়ে বিভাগীয় আলোচনা করা।

৮. প্রত্যাশিত প্রাতিষ্ঠানিক উপকারিতা

- শিক্ষকদের কাঠামোবদ্ধ আরবি ভাষা দক্ষতা মূল্যায়নের প্রত্যক্ষ পরিচয়;
- ভাষা পরীক্ষা ও ফলাফল ব্যাখ্যা বিষয়ে Assessment Literacy বৃদ্ধি;
- বর্তমান Curriculum ও ভাষা শিক্ষার প্রত্যাশিত ফলাফল নিয়ে তথ্যভিত্তিক আলোচনার সুযোগ;
- শিক্ষক উন্নয়ন, Test Preparation এবং ভবিষ্যৎ Pilot Programme-এর সম্ভাবনা যাচাই; এবং
- আত-তানাল আল-আরাবির সঙ্গে সম্ভাব্য একাডেমিক ও প্রাতিষ্ঠানিক সহযোগিতার ভিত্তি তৈরি।

মনোনয়ন অনুরোধ: সংশ্লিষ্ট বিভাগকে নির্ধারিত Nomination Form-এ সর্বোচ্চ ৫ জন শিক্ষকের নাম, পদবি, মোবাইল নম্বর ও ইমেইল পাঠাতে এবং একজন Departmental Focal Person মনোনীত করতে অনুরোধ করা হচ্ছে।

আয়োজক ও সমন্বয়কারী

ilannoor Edification Ltd. (إلى النور)

বাংলাদেশ প্রতিনিধি, atTanal al-Arabi